দৈনিক ইত্তেফাক

NOV. 23 2001

তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ...

তারুণ্য

# আধুনিক মনস্ক মেধাবীরা শেখার ব্যাপারে দারুণ আগ্রহী

**রেজানুর রহমান** ॥ তরুণ-তরুণীদের নিয়ে অনেকে হতাশা প্রকাশ করেন। কথায় কথায় মন্তব্য করেন এদের দিয়ে কিছু হবে না। স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষিকাদের কেউ কেউ পরীক্ষায় নকলের ক্ষেত্রে শুধু

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

তারুণ্য (প্রথম পৃষ্ঠার পর)

তরুণ-তরুণীদের দায়ী করেন। বলতে শোনা যায় 'ওরা শিখতে চায় না। কাজেই নকল তো করবেই'। কিন্তু বাস্তব চিত্র ভিন্ন। আধুনিকমনস্ক মেধাবী তরুণ-তরুণীরা শেখার ব্যাপারে দারুণ আগ্রহী। নগরীর বিভিন্ন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ভাষা শিক্ষা প্রতিষ্ঠানে তরুণ-তরুণীদের ভীড় এই সত্য প্রমাণের জন্য যথেষ্ট। বিশেষ করে ইংলিশ কোর্স সম্পাদনকারী প্রতিষ্ঠান অথবা সংগঠনে সাম্প্রতিক সময়ে তরুণ-তরুণীদের আগ্রহ দারুণভাবে বৃদ্ধি পেয়েছে। দক্ষ অংক শিক্ষকের বাসা অথবা কোচিং সেন্টারেও তরুণ-তরুণীরা ভীড় করছে।

নগরীতে বর্তমানে ১০/১৫টা প্রতিষ্ঠান ভাষা শিক্ষা দিচ্ছে। এসব প্রতিষ্ঠানে ইংরেজী শেখার ব্যাপারে আগ্রহী তরুণ-তরুণীরাই ভীড় করছে বেশী। স্কুল-কলেজে পড়ছে এমন ছাত্র-ছাত্রীও ক্লাসের বাইরে সময় বাঁচিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানে ইংরেজী শিখছে। ইংরেজীর পাশাপাশি অংক শেখার ব্যাপারেও তরুণ-তরুণীদের আগ্রহ বৃদ্ধি পেয়েছে। ঢাকাসহ বিভাগীয় শহরসমূহে অভিজ্ঞ ইংরেজী ও অংক শিক্ষকের দারুণ কদর। আর তাই অনেক শিক্ষক স্কুলের চেয়ে বাসায় প্রাইভেট পড়ানোর ব্যাপারে দারুণ আগ্রহী। অংক-ইংরেজীতে দক্ষ শিক্ষক-শিক্ষিকাদের অনেকে শুধু প্রাইভেট পড়িয়েই মাসে লক্ষ টাকা আয় করছেন। পর্যবেক্ষণে দেখা গেছে, স্কুল-কলেজের অধিকাংশ ছাত্র-ছাত্রী শেখার ব্যাপারে দারুণ আগ্রহী। আর তাই অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা অতীতের মত এখনও ছাত্র-ছাত্রীদের শ্রদ্ধা পাচ্ছেন। একজন কলেজ ছাত্র বললেন, তরুণ-তরুণীদের অযথা দোষারোপ করবেন না। স্কুল-কলেজে ভাল শিক্ষক দিন, নিয়মিত ক্লাস ও পরীক্ষা গ্রহণ করুন। দেখবেন পরিস্থিতি পাল্টে যাবে। উল্লেখ্য, শিক্ষা ক্ষেত্রে বিষয়-সংশ্লিষ্ট শিক্ষকের অভাব দূর করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে ৩০০ শিক্ষকর একটি প্যানেল তৈরীর প্রস্তাব দেয়া হয়েছে। গ্রাম এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে এই শিক্ষকেরা ইংরেজী, অংক ও বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষণ দেবেন। অভিজ্ঞ মহল মনে করেন, প্রস্তাবটি বাস্তবায়িত হলে শিক্ষা ক্ষেত্রে দৈন্যতা কিছুটা হলেও কমে আসবে।